

Phone call between External Affairs Minister, Dr. S. Jaishankar and Foreign Minister of China, H.E. Mr. Wang Yi

June 17, 2020

বিদেশমন্ত্রী ড. এস. জয়শংকর এবং চিনের বিদেশমন্ত্রী মহামান্য শ্রী ওয়াং ঙ্গ-র মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 17, 2020

1. লাদাখের সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে ভারতের বিদেশমন্ত্রী এবং চিনের স্টেট কাউন্সিলর ও বিদেশমন্ত্রী মহামান্য ওয়াং ঙ্গ আজ বিকেলে টেলিফোনে বাক্যালাপ করেছেন।
2. বিদেশমন্ত্রী, 15 ই জুন 2020 তারিখে গালওয়ান উপত্যকার হিংসাত্মক মুখোমুখি ঘটনার ভারত সরকারের কঠোর প্রতিবাদ ব্যক্ত করেছেন। তিনি স্মরণ করেছেন যে 6 ই জুনের বৈঠকে বিরিষ্ঠ কমান্ডাররা সহমত হয়েছিলেন যে, প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর সৈন্য সমাবেশ এবং সৈন্য গতিবিধি কমিয়ে আনা হবে। গত সপ্তাহ ধরে স্থল বাহিনীর কমান্ডাররা এই ঐক্যমতকে বাস্তবায়িত করার জন্য নিয়মিত আলোচনা চালিয়ে যাচ্ছিলেন। যখন কিছুটা অগ্রগতি হয়েছে তখন চিনের তরফ থেকে গালওয়ান উপত্যকায় প্রকৃত নিয়ন্ত্রণ রেখার আমাদের অঞ্চলে দিকে একটি নির্মাণ গঠন করে। এটি একটি বিবাদের কারণ হবার জন্য, চিনের তরফ থেকে পূর্বে অভিপ্রায় এবং পরিকল্পিত পদক্ষেপ গ্রহণ এবং ক্ষয়ক্ষতির জন্য সরাসরি দায়ভাগী। এটি স্থিতাবস্থাকে পরিবর্তন না করার জন্য আমাদের সকল সহমতের পরিপন্থী এবং ভূখন্ডের বাস্তব পরিস্থিতিকে পরিবর্তন করা চেষ্টাকে প্রতিফলিত করে।
3. বিদেশমন্ত্রী রেখাপাত করে বলেছেন যে, অভূতপূর্ব ঘটনাবলী দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে গুরুতর প্রভাব ফেলে। চিনের তরফ থেকে সময়োচিত পদক্ষেপ হল এর ক্রিয়াকর্মে বিরতি টানা এবং সংশোধনী পদক্ষেপ নেওয়া। দুই পক্ষের উচিত 6 ই জুন তারিখে বিরিষ্ঠ কমান্ডারদের সমঝোতাকে অতি যত্নবান হয়ে এবং আন্তরিকতার সাথে পালন করা। উভয় দিকের সৈন্যবাহিনীরই উচিত দ্বিপাক্ষিক সহমত এবং প্রোটকল মেনে চলা। তাদের প্রকৃত নিয়ন্ত্রণ রেখাকে কড়া ভাবে মান্যতা দেওয়া ও মেনে চলা উচিত এবং পরিস্থিতি বদলে দেবার মত একতরফাভাবে কোনো কাজ করা উচিত নয়।
4. চিনের স্টেট কাউন্সিলর এবং বিদেশমন্ত্রী তার তরফে সাম্প্রতিক ঘটনাবলীর উপরে চিনের অবস্থান ব্যক্ত করেছেন।
5. আলোচনার শেষে, এই বিষয়ে সহমত হওয়া গেছে যে, সামগ্রিক পরিস্থিতিকে দায়িত্বশীলতার সাথে সামলাতে হবে এবং উভয় পক্ষ 6 ই জুন তারিখের সমঝোতা অনুযায়ী সৈন্য সমাবেশ সরিয়ে নেবার কাজ করবে। কোনোপক্ষই পরিস্থিতি জটিল করার মত কোন কাজ করবেনা এবং পরিবর্তে দ্বিপাক্ষিক সহমত এবং প্রোটকল অনুযায়ী শান্তি ও সুস্থিরতা বজায় রাখবে।

নিউ দিল্লি

জুন 17, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.